উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১৯৩ তারিখঃ ০৫ মার্চ '২০২৬খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মার্চ-২০২৬ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১২ মার্চ '২০২৬ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ২.৩০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
২। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৩। উপজেলা ----------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৪। প্রশাসক/চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১১ তারিখঃ ০৫ মার্চ' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	মাননীয় সংসদ সদস্য ৮৮ যশোর-৪	০৫/০৩/২৬
২.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
৩.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	৯/০৩/২৬
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	০৯/০৩/২০২৬
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	০৯/০৩/২০২৬
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	৯/৩/২০২৬
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	৯/৩/২৬
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	৯/৩/২০২৬

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১১

তারিখঃ ০৫ মার্চ ' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১২ মার্চ ২০২৬খ্রিঃ, বৃহস্পতিবার, বেলা-২.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ শামছুর রহমান, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব আব্দুল জলিল, প্যানেল চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব রোজিনা পারভীন, সহকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব শাহিদা পারভীন, সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তা এর পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব সুমা খাতুন, অফিস সহকারী, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) এর পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব ডাঃ মোঃ মহিউদ্দিন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব শিব্বির বিন ইখতি, এসএএও, উপজেলা কৃষি কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব প্রভাত কুমার রায়, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) মোঃ আব্দুল কদ্দুস শাওন, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব মোঃ রেজাউল করিম তরফদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব ডা: অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
১৬) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

নাই

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় ।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কোনরুপ কার্যবিবরণী পাওয়া যায়নি ।	বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয় ।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল) ।
০৪ .	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন) তহবিলের আওতায় গৃহিত প্রকল্প সংক্রান্তঃ** ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কাজ চলমান আছে । **(খ) বিদ্যুত ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণঃ** মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ অধিশাখার ০৯ মার্চ ২০২৬খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬-১২৯ ও ১৩০ নং স্মারকপত্র সভায় উপস্থাপন করা হয় । বর্নিত পত্রের নির্দেশনা মোতাবেক অনাবশ্যক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার সীমিতকরণসহ বিদ্যুৎ জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ জায়গা হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আহবান জানানো হয়। **(গ) মশা নিধনে কার্যক্রম গ্রহণ:** মন্ত্রিপরিষদ বিভাগের ০৯ মার্চ ২০২৬খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫ নং স্মারকপত্রটি সভায় উপস্থাপন করা হয় । বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক মশার প্রকোপ হ্রাস না হওয়া পর্যন্ত স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে প্রতি শনিবার নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় ।	(ক) দ্রুততার সহিত কাজ বাস্তবায়ন শেষ করার জন্য ঠিকাদারদের তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) বিদ্যুৎ জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ নিজ নিজ জায়গা হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। (গ) স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে প্রতি শনিবার নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিস্কার পরিচ্ছন্নতা করার সিদ্ধান্ত গৃহিত হয়	ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী (খ) ১।উপজেলা কর্মকর্তা(সকল) ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) ৩। সংশ্লিষ্ট সকল (গ) ১।উপজেলা কর্মকর্তা(সকল) ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) ৩। সংশ্লিষ্ট সকল
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) ফেব্রুয়ারি-২০২৬ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় ।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** **(ক) সভার কার্যপত্র প্রদানঃ** উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ৪(২) বিধি মোতাবেক **"কার্যপত্র ব্যতিরেকে কোন বিষয় আলোচনার জন্য গ্রহণ করা হইবে না"** উল্লেখ রয়েছে মর্মে সভায় উপস্থাপনপূর্বক প্রতি মাসের মাসিক সাধারণ সভার ৪৮ ঘন্টা পূর্বেই কার্যপত্র সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হয় ।	(ক) ৪৮ ঘন্টা পূর্বেই কার্যপত্র সরবরাহ করার সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক) সংশ্লিষ্ট সকল

০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	(ক) ও (খ) উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যপত্র থেকে জানা যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্সক্স এর বহিঃ বিভাগ থেকে ৭৫০০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৭৩৫ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৫৭২ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৫ জন, ১০ জন সিজারিয়ান করা হয়। ৮৯ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ১৯৩৪০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬৭৫ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ৭৪৫ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধানের বীজতলায় বীজ বপন শুরু হয়েছে। সরিষা-২৮৩০ হেক্টর, শীতকালীন সবজি- ৫৪৩ হেক্টর, মসুর-১০৬ হেক্টর, আখ-৮৩ হেক্টর আবাদ হয়েছে। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন সহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-৩৮৬ মেঃটন, টিএসপি-৫৬ মেঃ টন, ডিএপি-৩১০ মেঃ টন এবং এমওপি-২১১ মেঃ টন মজুদ রয়েছে। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সারের বাজার মনিটরিং করছেন। সারের উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। সারের কোথাও কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে মাঠ পর্যায়ে কার্যক্রম বৃদ্ধি করার নির্দেশনা প্রদানের জন্য বলা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা সহকারি মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। এছাড়া ২৫ জন চাষীকে মৎস্য চাষ বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে। নিয়মিত মাছ বাজার পরিদর্শনের আওতায় বঘারপাড়া মাছ বাজার পরিদর্শন করা হয়েছে। ৩ টি ক্যাটগরি ৪(ক) মৎস্য খাদ্য বিক্রয় লাইসেন্স নবায়ন করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৪৫০.৬০ মে.টন, খ. ডিম-৫৫লক্ষ, গ. মাংস-৭৪০.৪০ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৮৩টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-৪৭৪৫মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৮০০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০২টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৩৮৭ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-৯৩৫৭টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ০৬ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-০০জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৪ টি, ৫. খামার পরিদর্শন- ১২টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ২.০০একর, ৭.মাসিক বার্তাঃ অ্যানথ্রাক্স/তড়কা রোগে ভীতি নয়, প্রয়োজন সচেতনতা ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ২৪০০০/-, খ. কৃত্রিম প্রজনন- ৭৫১০০/-।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে ২য় কিস্তি সকল ভাতার পেরোল ৯৯.৩০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। অনলাইনে প্রতিবন্ধী,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ও অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ভাতার আবেদন চলমান। পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-৬২০৮৩০/-(ছয় লক্ষ বিশ হাজার আটশত ত্রিশ টাকা)মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা

ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫৮৭৬ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ২৮৪৬(চক্র) কনডম ৭০৮(পিস) ইনজেকটেবল ৯৩০ জন আইইউডি ০০জন, ইমপ্লান্ট ০০জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০২, মোট ০২ জন ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যায় যে, ২০২৬ শিক্ষাবর্ষের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার শিশু জরিপ সম্পন্ন হয়েছে এবং শিক্ষার্থী ভর্তি চলমান রয়েছে। অত্র উপজেলার শিক্ষকসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । বোর্ড থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতিরি ২৩০০ জন সমবায়ী সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ১০১৫ জন সদস্যর মধ্যে ৫৬০.৬৫ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৫৩০.৯০ লক্ষ ঋণ আদায় করা হয়েছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে । সার্বিক আদায় হার ৯২% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যপত্র সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০টি ও ১২ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যায় যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। মার্চ-২০২৬ মাসের খাদ্য বরাদ্দের অর্পণাদেশ (ডি/ও) প্রদান করা হয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান আছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে । **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত জানান যে, টি,আর ও কাবিখা চলমান আছে । সরকারি নির্দেশনা মোতাবেক খাল খনন সংক্রান্ত তথ্য সংগ্রহ চলমান আছে, এ বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে ।	দ্রুততার সহিত কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দাপ্তরিক কার্যপত্র থেকে জানা যায় যে, PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ২৩৪ টি নলকূপের মধ্যে ২৩৪ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং সাবমার্সিবল পাম্প বসানো হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮ টি নলকূপের মধ্যে ১০৮ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও সাবমার্সিবল পাম্প বসানোর কাজ সমাপ্ত। খুব শীঘ্রই বাকি কাজ সম্পন্ন হবে। এছাড়া ১৮ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম স্থাপনের জন্য ১০০*৫০ মিঃমিঃ ব্যাসের সাবমার্সিবল পাম্পযুক্ত (১.৫ হর্স	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

	পাওয়ার) নলকূপ স্থাপন কাজের বোরিং সম্পন্ন হয়েছে। ইতিমধ্যে প্লাটফর্ম নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। পিইডিপি-৪ ও জিপিএস প্রকল্পের আওতায় ৩৭ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মান কাজ সমাপ্ত হয়েছে এবং হস্তান্তর করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পের আর কোন কাজ চলমান নেই। গ্রামীন স্যানিটেশন প্রকল্পের আওতায় ইউনিয়ন প্রতি ৫০ টি করে ০৯ টি ইউনিয়নে মোট ৪৫০ টি টুইনপিট ল্যাট্রিনের বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরিত পত্র অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে। রায়পুর, দোহাকুলা, নারিকেলবাড়িয়া, ধলগ্রাম, বন্দবিলা ও জামদিয়া ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়েছে। বাকি ০৩ টি ইউনিয়ন ওয়াটসান কমিটি কর্তৃক তালিকা পাওয়ার পরে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।		
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ: .	(ক) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ৯.০০ থেকে ৯.৪০ মিনিট পর্যন্ত দপ্তরে উপস্থিত থেকে তাঁরপর যদি কারও মাঠ পর্যায়ে কাজ থাকে তবে যথাযথ পদ্ধতি অনুসরণ করে সেখানে যেতে হবে। বর্ণিত নির্দেশনার প্রেক্ষিতে অত্র উপজেলার সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে বিধি মোতাবেক অফিস আসা এবং অফিস ত্যাগ করার জন্য অনুরোধ জানান ।	(ক) আসন্ন নির্বাচন কালীন সময়ে সার্বিক সহযোগিতার আহবান জানান ।	(ক) সংশ্লিষ্ট সকল

সভাপতি মহোদয় সকলকে সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার আহবান জানান । অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ভুপালী সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-১৫ তারিখঃ ১২- ০৩-২০২৬ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ ।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা ..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।